

বিষয়ঃ- “ইনোভেশন টিম” সংক্রান্ত সভার কার্যবিবরণী।

চিফ ইনোভেশন অফিসার	ঃ বেগম ইয়াসমিন আফসানা নিবাহী পরিচালক (অর্থ) বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
সভার তারিখ ও সময়	ঃ ২৪.০১.২০১৮খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	ঃ কনফারেন্স রুম, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
সভার উপস্থিত সদস্যবৃন্দ	ঃ পরিশিষ্ট “ক”।

সভার প্রারম্ভে ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব গত ১৪ জানুয়ারি ২০১৮ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পড়ে শোনান। তিনি উক্ত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন।

০২। উক্ত সভায় আলোচনার পরিপ্রেক্ষিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ৪০% ই-ফাইলিং, ১০০% ইউনিকোড, অনলাইন সেবা, SIP / ইনোভেশনসহ সংশ্লিষ্ট বিষয়সমূহ যথাসময়ে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এই বিষয়ে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, ই-ফাইলিং ব্যবহার সব বিভাগে হচ্ছে। তবে এর ব্যবহারের হার আরো বাড়ানো প্রয়োজন। সে প্রেক্ষিতে মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির টার্গেট পূরণের জন্য সকলকে এক যোগে কাজ করতে হবে। ই-ফাইলিং ব্যবহারের প্রবণতা বৃদ্ধি করতে হবে। তাছাড়া তিনি বলেন, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এখন হতে প্রতিটি বিভাগকে ১০ টি ডাক হতে নথি সৃজন, ১২টি নথি নিষ্পত্তি এবং ৪ টি পত্র ই-ফাইলিং এর মাধ্যমে জারী করতে হবে। এ বিষয়ে সভাপতি পরিচালকবৃন্দ এবং মহাব্যবস্থাপকদেরকে প্রতিদিন সকাল ১০.০০ টা এবং বিকাল ০৪.০০ টায় এবং অন্য সকল কর্মকর্তাদেরকে প্রতিদিন সকাল ০৯.০০ টা হতে ই-ফাইলিং কার্যক্রমে সার্বক্ষণিকভাবে যুক্ত থাকার বিষয়ে মতামত ব্যক্ত করেন। তাছাড়া মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সব কম্পিউটারে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করতে হবে। এ সংক্রান্ত একটি অফিস আদেশ/সার্কুলার জারী করার বিষয়ে কমিটি একমত পোষণ করেন।

- বাস্তবায়নকারী - মহাব্যবস্থাপক (প্রশাসন)

০৩। মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক বিএসসিতে দুটো অনলাইন সেবা চালু করা হয়েছে। তাছাড়া ইনোভেশন টিমের নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি নিয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ইনোভেশন সংক্রান্ত প্রকল্প গ্রহণকারী টিম দ্বারা স্টেকহোল্ডারদের সাথে সভা করার এবং আগামী ২২ জুলাই ২০১৮ এর মধ্যে প্রকল্পটি শোকেসিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

- বাস্তবায়নকারী - ইনোভেশন প্রকল্প গ্রহণকারী টিম

০৪। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৫ এ বর্ণিত করণীয় বিষয় এবং “ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স” এর সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে ইনোভেশন অফিসার জনাব রয়েল দত্ত, সুপারিনটেনডেন্ট (প্রশাসন)-কে নীতিমালাগুলো ডাউনলোড করে নিয়ে কার্যক্রম চালানোর জন্য নির্দেশনা প্রদান করেন।

- বাস্তবায়নকারী - জনাব রয়েল দত্ত, সুপারিনটেনডেন্ট (প্রশাসন)

০৫। ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, এখন হতে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক এক সংস্থার ওয়েবসাইট অন্য সংস্থা ভিজিটপূর্বক মূল্যায়ন করবে। যেমন-বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর ওয়েবসাইট ভিজিটপূর্বক মূল্যায়ন করবে নৌপরিবহন অধিদপ্তর এবং বিআইডব্লিউটিসি’র ওয়েবসাইট ভিজিটপূর্বক মূল্যায়ন করবে বাংলাদেশ শিপিং কর্পোরেশন। সে লক্ষ্যে সভাপতি বিএসসি’র ওয়েবসাইট সব সময় হালনাগাদ রাখার জন্য জনাব রয়েল দত্ত, সুপারিনটেনডেন্ট (প্রশাসন)-কে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ভিডিও কনফারেন্স চালু রাখার বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মাঝে মাঝে বিভিন্ন সংস্থার সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সভা করার বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে কমিটির সকলে একমত পোষণ করেন।


০৬। ইনোভেশন অফিসার বলেন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ই-টেন্ডারিং বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং নিম্নোক্ত ছক অনুযায়ী অগ্রগতির তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ এবং ইনোভেশন সভায় উপস্থাপন করতে হবে :

দপ্তর/সংস্থার নাম	ই-জিপিতে তারিখ	অন্তর্ভুক্তির	অদ্যাবধি ই-টেন্ডারিং এর সংখ্যা	বিগত মাসে ই-টেন্ডারিং এর সংখ্যা

- বাস্তবায়নকারী - জনাব রয়েল দত্ত, সুপারিনটেনডেন্ট (প্রশাসন)

০৭। সভাপতি বলেন মন্ত্রণালয়ের নির্দেশনা আছে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণকারীদের ক্রেস্ট, সার্টিফিকেট/প্রনোদনা প্রদান (বিদেশ ভ্রমন) করতে হবে। মেন্টরগণ এ সংক্রান্ত লগ বই পূরণ করবেন।

০৮। আর কোন আলোচ্যসূচী না থাকায় চিফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


28.07.26
(ইয়াসমিন আফসানা)
নির্বাহী পরিচালক (অর্থ)

বিতরণঃ- ইনোভেশন টিম ও সাব-টিমের সকল সদস্য।

ও
ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ০১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)।
- ০২। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য), বিএসসি, চট্টগ্রাম।
- ০৩। সহকারী মহাব্যবস্থাপক টু, ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।